

অংশগ্রহণকারী যথাক্রমে ৪৬ জন ও ১০০ জন সরকারী কলেজ প্রভাষককে তথ্য কেন্দ্রটি পরিদর্শনের জন্য আমন্ত্রণ করা হয়। তাঁদের আগমন উপলক্ষে উভয় ক্ষেত্রেই বিশেষ ব্রিফিং ও ভিডিও শো এর ব্যবস্থা করা হয়। প্রথমবার ব্রিফিংকালে বাংলাদেশে জাতিসংঘের আবাসিক প্রতিনিধি এদেশে সংস্থাটির কর্মতৎপরতা সম্পর্কে বক্তব্য রাখেন এবং দ্বিতীয়বার বিশ্ব খাদ্য কর্মসূচির প্রতিনিধি তাঁর সংস্থার কাজকর্মের ওপর আলোকপাত করেন। উভয় ক্ষেত্রেই তথ্য কেন্দ্রের কর্মকর্তা সমন্বয় সাধন করেন এবং রেফারেন্স গ্রন্থাগারিক সংক্ষেপে গ্রন্থাগারের সুবিধাদি বর্ণনা করেন। প্রভাষকগণ জাতিসংঘ প্রকাশনা, ইউনিক ওয়েবসাইট ও অনলাইন ডাটাবেইসের প্রতি বিশেষ আগ্রহ প্রদর্শন করেন।

নায়েম কর্তৃপক্ষ জাতিসংঘ সম্পর্কিত শিক্ষার ক্ষেত্রে তথ্য কেন্দ্রটির ভূমিকায় বিশেষভাবে সন্তোষ প্রকাশ করে। নায়েমের মহাপরিচালক এক পত্রে তাঁদের লাইব্রেরীর জন্য যথেষ্ট প্রকাশনা সামগ্রী সরবরাহ করায় বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরে তথ্য কেন্দ্র ও নায়েমের মধ্যে এক সমঝোতার আওতায় স্থির হয় যে এখন থেকে নিয়মিতভাবে তথ্য কেন্দ্রের সহায়তায় নায়েমের অনুষ্ঠিত কলেজ শিক্ষকদের বুনয়াদী প্রশিক্ষণ কোর্সে জাতিসংঘ সম্পর্কিত একটি ক্লাস পরিচালনার জন্য তথ্য কেন্দ্রকে দায়িত্ব দেওয়া হবে। নায়েম দেশের শিক্ষক সম্প্রদায়ের (প্রধান শিক্ষক, প্রভাষক, অধ্যক্ষদের) প্রশিক্ষণ ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। এজন্য এ প্রতিষ্ঠানের সঙ্গে তথ্য কেন্দ্রের এ যোগাযোগ বিশেষ তাৎপর্য বহন করে।



টেকসই উন্নয়ন বিষয়ক বিশ্ব শীর্ষ সম্মেলন (WSSD)-এর স্মৃতিরক্ষার্থে এবং এ বিষয়ে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে ইউনিক ঢাকা বিভিন্ন কার্যসূচি গ্রহণের জন্য একটি স্টিয়ারিং গোষ্ঠী গঠন করে। এ গোষ্ঠীরই পরামর্শক্রমে সেপ্টেম্বর মাসের প্রথম দিকে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সঙ্গে যৌথভাবে দু'দিনব্যাপী একটি মেলার আয়োজন



টেকসই উন্নয়ন

শীর্ষ সম্মেলন

সম্পর্কে সচেতনতা সৃষ্টি